

**আগামী মাসের মধ্যে
প্রাথমিক শিক্ষকের
তিন হাজার পদ
পূরণের সিদ্ধান্ত**

॥ মতিউর রহমান চৌধুরী ॥
প্রাইমারী পর্যায়ে ২৪ হাজার
শিক্ষকের শূন্য পদ পূরণের সিদ্ধান্ত
নেওয়া হইয়াছে। এই সিদ্ধান্ত
বাস্তবায়নের লক্ষ্যে আগামী
মাসের মধ্যে ৩ হাজার পদ পূরণ
করা হইবে। অবশিষ্ট পদগুলি
১৯৮০-৮৪ সনের মধ্যে পূরণের
কথা। একটি সরকারী সূত্রে জানা
গিয়াছে, শূন্য পদ পূরণের ব্যাপারে
ইতিমধ্যেই উদ্যোগ গ্রহণ করা
হইয়াছে। থানা পর্যায়ের সংশ্লিষ্ট
কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশ
প্রেরণ করা হইয়াছে।
শিক্ষক নিয়োগে বর্তমানে
কোন নীতি না থাকায় শূন্য পদের
সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাইতেছে।
(৮ম পৃঃ ২-এর কঃ পঃ)

প্রাথমিক শিক্ষকের পদ

(১ম পৃঃ পর)

পূর্বে প্যানেল পদ্ধতিতে নিয়োগের
বিধান ছিল। দুর্নীতির কারণে
বহুস্থানেক আগে এই পদ্ধতি
বাতিল করা হইয়াছে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা
গিয়াছে, প্রাথমিক শিক্ষা সংক্রান্ত
একটি অধ্যাদেশ এখন মন্ত্রী পরি-
ষদের সিদ্ধান্ত গ্রহণের অপেক্ষায়
রহিয়াছে। চলতি মাসের মধ্যে
এ অধ্যাদেশটি অনুমোদন লাভ
করিতে পারে। প্রাইমারী স্কুলে
শিক্ষাদান কার্যে মহিলা শিক্ষক-
গণ অধিকতর উপযোগী প্রমা-
ণিত হওয়ার মহিলা শিক্ষক
নিয়োগে অগ্রাধিকার প্রদান করা
হইয়াছে। জানা গিয়াছে, মাধ্য-
মিক স্কুল স্তরেও প্রায় এক হাজার
শূন্য পদ পূরণের সিদ্ধান্ত নেওয়া
হইয়াছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
খালি আছে তাহা জানা
যায় নাই। কলেজ পর্যায়ে
৬ শত অধ্যাপকের পদ খালি।
ইহার মধ্যে ৪৭৮টি পদ পূরণের
সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। এই-
সব পদে অধ্যাপক নিয়োগের
ব্যাপারে অথবা বিলম্ব এড়ানোর
জন্য পাবলিক সার্ভিস কমিশনকে
বিকল্প পন্থা গ্রহণেরও অনুরোধ
জানানো হইয়াছে। প্রাথমিক
স্তরের শিক্ষক প্রশিক্ষণের মেয়াদ
এক বছর হইতে বৃদ্ধি করিয়া দুই-
বছর করার উদ্যোগ ইতিমধ্যেই
নেওয়া হইয়াছে।